বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেপ্তবিঃ/(শাখা-১)/৩(৭)/২০১৯-২০২০/১১৩৫(১২৫০) তারিখঃ ১০/০৫/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতের জন্য গঠিত ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম (বাংলাদেশ ব্যাংক,কৃষি ঋন বিভাগের এসিডি সার্কুলার নং-০১, তারিখ ১৩ এপ্রিল ২০২০) এর আওতায় ঋন বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বিশ্বের বিভিন্ন দেশের ন্যায় বাংলাদেশে নভেল করোনা ভাইরাস-এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋন বিভাগের এসিডি সার্কুলার নং-০১, তারিখ ১৩ এপ্রিল ২০২০ এর প্রেক্ষিতে অত্র ব্যাংক হতে বিগত ২৭/০৪/২০২০ তারিখে সার্কুলার লেটার নং-১১১৯(১২৫০) জারী করা হয়েছে। উক্ত সার্কুলার লেটারের ধারাবাহিকতায় পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় বাংলাদেশ ব্যাংক হতে ০৩/০৫/২০২০ তারিখে ১৫১৬ নং পত্র মূলে অত্র ব্যাংকের অনুকূলে শস্য ঋণ ব্যতীত কৃষির অন্যান্য খাতে বিতরণের জন্য ঘোষিত ৫০০০.০০ (পাঁচ হাজার) কোটি টাকার প্রনোদনার আওতায় ১১৯৯.০০ কোটি টাকা বরাদ্ধ করা হয়েছে। বরাদ্দকৃত ১১৯৯.০০ কোটি টাকা বিভাগওয়ারী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হলো ঃ

(কোটি টাকায়)

| ক্রঃনং | বিভাগের নাম | ৩১/১২/২০১৯ ভিত্তিক শস্য ঋণ ব্যতীত কৃষি খাতে অনাদায়ী স্থিতি | ঋন বিতরণের লক্ষ্যমাত্রা (৩০শে সেপ্টেম্বর '২০২০ এর মধ্যে বিতরণযোগ্য) |
|---|---|---|---|
| ০১. | ঢাকা | ৮৭৮.৫১ | ২১০.০০ |
| ০২. | ময়মনসিংহ | ১০৪২.২৯ | ২৫০.০০ |
| ০৩. | চট্টগ্রাম | ২৭৬.৬৪ | ৬৬.০০ |
| ০৪. | খুলনা | ৯০৯.৮১ | ২১৮.০০ |
| ০৫. | বরিশাল | ৩৯১.৩৭ | ৯৪.০০ |
| ০৬. | সিলেট | ১৮৫.১৩ | ৪৫.০০ |
| ০৭. | কুমিল্লা | ৩৬৮.৬৮ | ৮৯.০০ |
| ০৮. | ফরিদপুর | ২৫৬.২৪ | ৬২.০০ |
| ০৯. | কুষ্টিয়া | ৩২৯.২৮ | ৭৯.০০ |
| ১০. | এলপিও | ৩৫৬.২৭ | ৮৬.০০ |
| | মোটঃ | ৪৯৯৪.২২ | ১১৯৯.০০ |

০২। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার পারফরমেন্স , বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে উক্ত কার্যালয় সমূহের মধ্যে বন্টন করবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগন শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। বন্টনকৃত লক্ষ্যমাত্রা একীভূত করে বিভাগীয় কার্যালয় সমূহ আগামী ১৪/০৫/২০২০ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করবে। লক্ষ্যমাত্রা বন্টনকালে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরন করতে হবে ঃ

(ক) ৩১/১২/২০১৯ ভিত্তিক শাখা/ অঞ্চলের শস্য ঋণ ব্যতীত কৃষির অন্যান্য খাতে বিতরিত স্থিতির ভিত্তিতে ও বাস্তবতার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।

(খ) পুনঃ অর্থায়ন এর মেয়াদ ১৮ মাস। গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৪%। উক্ত সুদ হার চলমান গ্রাহক এবং নতুন গ্রাহক উভয় ক্ষেত্রেই প্রযোজ্য হবে। শস্য ও ফসল খাত ব্যতীত অন্যান্য চলতি মূলধন খাতে বর্তমান গ্রাহকদের মধ্য হতে ক্ষতিগ্রস্থ গ্রাহকগণকে অতিরিক্ত ২০% ঋণ সহায়তা দেয়া যাবে। নতুন গ্রাহকগণকে ও ঋণ সুবিধা দেয়া যাবে। তবে, এ স্কীমের আওতায় গৃহীত ঋণ কোনভাবেই গ্রাহকের পুরাতন ঋণ সমম্বয়ের জন্য ব্যবহার করা যাবে না।

চলমান পাতা-০২

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতের জন্য গঠিত ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋন বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

(গ) ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে ঋণ বিতরণ করতে হবে। শস্য ও ফসল খাত ব্যতীত কৃষির অন্যান্য চলতি মূলধন নির্ভরশীল খাত সমূহ (যথাঃ হর্টিকালচার অর্থাৎ মৌসুম ভিত্তিক ফুল ও ফলের চাষ, মৎস্য চাষ, পোল্ট্রি, ডেইরী ও প্রানি সম্পদ খাত ) এবং যে সকল উদ্যোক্তা প্রতিষ্ঠান কৃষক কর্তৃক উৎপাদিত কৃষি পন্য ক্রয়পূর্বক সরাসরি বিক্রয় করে থাকে তাদের কে এ প্যাকেজের আওতায় ঋণ বিতরণ করা যাবে।

(ঘ) গ্রাহক পর্যায়ে আদায়ের সর্বোচ্চ মেয়াদ হবে ১৮ মাস। কোন একক গ্রাহককে ব্যাংকের নিকট মোট বরাদ্দকৃত অর্থের ৩০%এর অধিক ঋণ বিতরণ করা যাবে না। কোন একক উদ্যোক্তা প্রতিষ্ঠানকে এককভাবে ৫.০০ (পাঁচ) কোটি টাকার উর্দ্ধে ঋণ বিতরণ করা যাবে না;

(ঙ) নির্ধারিত সময়সীমার মধ্যে ঋণ বিতরণ করে মাসিক ভিত্তিতে পুনঃ অর্থায়ন প্রাপ্তির জন্য মাসিক ভিত্তিতে (বিতরণ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে) নির্ধারিত ছকে বিবরণী ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে; বিরণীর সাথে শাখা কর্তৃক প্রকৃত ঋণ বিতরণের প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে। বিভাগীয় কার্যালয় সমূহ একীভূত বিবরণী ও প্রত্যয়ন পত্র উক্ত সময়সীমার মধ্যে সফট্ কপি ই- মেইলে (dgmlad1@krishibank.org.bd) ও হার্ড কপি প্রেরণ নিশ্চিত করতে হবে; শাখা ও অঞ্চল হতে আলাদা কোন বিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না; স্থানীয় মুখ্য কার্যালয় সরাসরি ক্রেডিট বিভাগে বিবরণী প্রেরণ করবে।

(চ) ঋণ বিতরণের ক্ষেত্রে বিদ্যমান বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত কৃষি ও পল্লী ঋণ নীতিমালা , বর্তমানে অনুসৃত অন্যান্য নীতিমালা যেমন জামানত, আবেদনপত্র গ্রহণ ও প্রক্রিয়াকরণ সময়কাল, ঋণ গ্রহীতার যোগ্যতা নিরূপন, ঋণ বিতরণ, ঋণের সদ্ব্যবহার,তদারকি, ও আদায় প্রক্রিয়া যথারীতি অনুসৃত হবে।

০৩। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং-১১১৯(১২৫০) তারিখ ২৭/০৪/২০২০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরন পূর্বক আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাবলী সাপ্তাহিক ভিত্তিতে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ শুরু থেকেই উক্ত ঋন বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১০/০৫/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-১)/৩(৭)/২০১৯-২০২০/১১৩৫(১২৫০) তারিখঃ ১০/০৫/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১০/০৫/২০২০

(আজিজুল হক)
উর্ধতন মুখ্য কর্মকর্তা